

অবসরপ্রাপ্ত বেসরকারী শিক্ষকদের চেক সংশ্লিষ্ট স্কুল থেকেই নেয়া যাবে

টাক রিপোর্টার ॥ দেশের বেসরকারী শিক্ষক-কর্মচারীদের কল্যাণ ট্রাস্ট থেকে প্রাপ্য চেক নিতে আর ঢাকায় আসতে হবে না। এখন থেকে অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারী বা তাঁদের ওয়ারিশদের প্রাপ্য চেক পৌঁছে দেয়া হবে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের বরাবরে। যথাযথভাবে আবেদনের পর তিন মাসের মধ্যে একজন শিক্ষক বা ওয়ারিশ এই চেক বাড়ি বসে পাবেন বলে জানিয়েছে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারী কল্যাণ ট্রাস্ট কর্তৃপক্ষ। হয়রানি, অর্থ অপচয় ও দুর্নীতি বন্ধে এই পদক্ষেপ নেয়া হয়েছে।

বুধবার এক সাংবাদিক সম্মেলনে জানানো হয় এই উদ্যোগের কথা। এ সময় বলা হয়, চেক প্রদান দ্রুততর করার জন্য কম্পিউটার প্রযুক্তি ব্যবহার করা হবে। সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন কল্যাণ ট্রাস্টের সদস্য এবং খুলনা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার অধ্যক্ষ মাজহারুল হান্নান। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের জবাব দেন ট্রাস্টের সচিব ও শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের প্রধান সমন্বয়কারী প্রফেসর এম শরীফুল ইসলাম এবং বাংলাদেশ শিক্ষক সমিতির মহাসচিব ও ট্রাস্টের সদস্য মোঃ সেলিম উইয়া। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন শাহবুদ্দীন দেওয়ান, মোহাম্মদ শফিকুল আলম প্রমুখ।

সাংবাদিক সম্মেলনে জানানো হয়, মৃত শিক্ষক-কর্মচারীদের ক্ষেত্রে অধিক গুরুত্ব দিয়ে দ্রুত চেক পাঠানো হবে। কল্যাণ ট্রাস্টের বিগত কমিটির কর্মকাণ্ডের সমালোচনা করে সম্মেলনে বলা হয়, সে সময় এক বছর নয় মাসে ৪ হাজার ৭৮১ টি চেক প্রদান করা হয়েছে। তবে বর্তমান কমিটি গত দুই মাস মাত্র দিনে ইস্যু করেছে ১৭ হাজার ৮৮ টি চেক। এছাড়া গত ১১ মার্চ ১০ হাজার ৭৯৮ জন আবেদনকারীর প্রাপ্য টাকার চেক প্রদানের জন্য ৩৪ কোটি ১৪ লাখ টাকা মঞ্জুর করা হয়েছে।

স্বাক্ষরিত